

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৩/২০১৭

তারিখঃ ২৬/০৯/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) চবক এর দপ্তরাদেশ নামা নং-২৫৪/২০১৭ তারিখঃ ১৮ সেপ্টেম্বর, ২০১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/ চবক এর দপ্তরাদেশ নামা নং-২৫৪/২০১৭

তারিখ, চট্টগ্রামঃ ১৮ সেপ্টেম্বর, ২০১৭ইং।

১। অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বন্দর ব্যবহারকারী হিসেবে সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও বন্দর সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং নিয়োজিত শ্রমিকদের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত পোর্ট এন্ট্রি পাশের নবায়ন কার্যক্রম (ইস্যু তারিখ হতে ০১ বৎসর মেয়াদী) আগামী ১৯/৯/২০১৭ তারিখ হতে আরম্ভ হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে (ইস্যুর তারিখ থেকে ০১ ক্যালেন্ডার বৎসর) নবায়ন করা না হলে বিলম্ব ফি/জরিমানা আরোপিত হবে বিধায় যথাসময়ে সকলকে পোর্ট এন্ট্রি পাশ নবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।

২। উক্ত নবায়ন কার্য সম্পন্ন করতে বন্দর ব্যবহারকারী সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের প্রয়োজনীয় ডকুমেন্টস্ সহ সরকার কর্তৃক জনপ্রতি নির্ধারিত ফি ৩০০/- + ভ্যাট ১৫% = ৪৫/- সর্বমোট টাকা ৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ টাকা মাত্র) নিরাপত্তা বিভাগের লাইসেন্স শাখায় জমা প্রদান করতে হবে।

৩। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর পোর্ট এন্ট্রি পাশ আংশিক নবায়ন করা হবে না, বরং এন্ট্রি পাশ নবায়ন/বাতিলের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

স্বাঃ/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ- ১৮/০৯/২০১৭ইং।

নং-১৮.০৪.০০০০.১৩২.১৮.০৭(লাঃশাঃ),১৬/৮৫০